# পত্র রচনা : গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর

## আবেদন পত্র

প্রশ্ন ১ : (ক) একটি বে-সরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন পত্র রচনা কর। (ববো-১৪, ববো-২৩)
অথবা, কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী শিক্ষক পদে নিযুক্তি লাভের জন্য দরখাস্ত লেখ। (ঢাবো-০৭, ২৫, রাবো-১৪, ০২, কুবো-০৫, ববো-১৫)
অথবা, কোনো বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদন রচনা কর।

তারিখ : ২১/০৬/২৬ খ্রি.
প্রধান শিক্ষক
মিঠামন উচ্চ বিদ্যালয়
ডাকঘর : মিঠামন
উপজেলা : মিঠামন
জেলা : ঢাকা।
বিষয় : সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে 'সহকারী শিক্ষক' পদে কিছু সংখ্যক শিক্ষক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

নাম : আইমান তাকী
পিতা : রশিদুজ্জামান
মাতা : রিমি জামান
বর্তমান ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০৪
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৯ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০২১ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. (অনার্স) | ২০২৫ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. | ২০২৬ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : ধানমন্ডি মডেল উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকায় সহকারী শিক্ষক পদে গত তিন বছর যাবৎ কর্মরত আছি।
অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
আইমান তাকী

সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট।

| প্রেরক | প্রাপক (ডাক টিকেট) |
|---|---|
| আইমান তাকী | প্রধান শিক্ষক |
| বাড়ি নম্বর : ৬৯, দারুস সালাম | মিঠামন উচ্চ বিদ্যালয় |
| ডাকঘর : মিরপুর | ডাকঘর : মিঠামন |
| থানা : মিরপুর | উপজেলা : মিঠামন |
| জেলা : ঢাকা। | জেলা : ঢাকা। |

প্রশ্ন ২ : কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকপদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা কর।
(রাবো-০৭, কুবো-১৭, চবো-৫, সিবো-১৭, ০৬, ববো-১৭, কুবো-২৪, মবো-২৫)
অথবা, কোনো মাধ্যমিক স্কুলে সহকারী শিক্ষক পদের জন্য একজন প্রার্থী হিসেবে আবেদন জানিয়ে একটি দরখাস্ত লেখ।
(যবো-০৮, দিবো-১৯, ০৯, সিবো-১৯)

তারিখ : ২১/০৬/২৬ খ্রি.
মহাপরিচালক
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
মিরপুর
ঢাকা।

বিষয় : মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ১০ই মার্চ ২০২৬ তারিখের দৈনিক যুগের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার অধিদপ্তরের অধীন মাধ্যমিক বিদ্যালয়ে কিছু সংখ্যক 'সহকারী শিক্ষক' নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

নাম : মনন রহমান
পিতা : মো. সাদেকুজ্জামান
মাতা : হাবিবা বেগম
বর্তমান ঠিকানা : বাড়ি # ১, পশ্চিম ধানমণ্ডি, ডাকঘর - ধানমণ্ডি, থানা-ধানমণ্ডি, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ১, পশ্চিম ধানমণ্ডি, ডাকঘর - ধানমণ্ডি, থানা-ধানমণ্ডি, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০৪
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৯ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০২১ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. (অনার্স) | ২০২৫ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. | ২০২৬ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : ধানমন্ডি মডেল উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকায় সহকারী শিক্ষক পদে গত তিন বছর যাবৎ কর্মরত আছি।

অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
মনন রহমান

সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট্।

| প্রেরক | প্রাপক |
|---|---|
| মনন রহমান | মহাপরিচালক |
| বাড়ি নম্বর : ১, পশ্চিম ধানমন্ডি | প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর |
| ডাকঘর : ধানমন্ডি | মিরপুর |
| জেলা : ঢাকা। | ঢাকা। |

ডাক টিকেট

প্রশ্ন ৩ : কোনো (সরকারি/বেসরকারি) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।
(চবো ২০১৩, সিবো ২০১৬, রাবো-২০১৬, সিবো-১৭, ববো-১৭, কুবো-১৭, সিবো-১৯, দিবো-১৯ দিবো-২৩, রাবো-২৪)

তারিখ : ২১/০৬/২৬ খ্রি.
মহাপরিচালক
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
মিরপুর
ঢাকা।

বিষয় : প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।

জনাব,
বিনীত নিবেদন এই যে, গত ১০ই মার্চ ২০২৬ তারিখের দৈনিক যুগের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার অধিদপ্তরের অধীন মাধ্যমিক বিদ্যালয়ে কিছু সংখ্যক 'সহকারী শিক্ষক' নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

নাম : সুনেহেরা ইমাম
পিতা : আফজাল ইমাম
মাতা : শামিমা বেগম
বর্তমান ঠিকানা : বাড়ি # ১০৫ , বছিলা হাউজিং, ডাকঘর – মোহাম্মদ পুর, থানা-মোহাম্মদ পুর, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ১০৫ , বছিলা হাউজিং, ডাকঘর – মোহাম্মদ পুর, থানা-মোহাম্মদ পুর, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০৪
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৯ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০২১ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. (অনার্স) | ২০২৫ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. | ২০২৬ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : ধানমন্ডি মডেল উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকায় সহকারী শিক্ষক পদে গত তিন বছর যাবৎ কর্মরত আছি।

অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
সুনেহেরা ইমাম

সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট।

ডাক টিকেট

প্রেরক
সুনেহেরা ইমাম
বাড়ি নম্বর : ১০৫, বছিলা হাউজিং
ডাকঘর : মোহাম্মদ পুর
থানা : মোহাম্মদ পুর
জেলা : ঢাকা।

প্রাপক
মহাপরিচালক
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
মিরপুর
ঢাকা।

যে কোনো বিষয়ে MCQ MODEL TEST দিতে visit কর www.onlinereadingroombd.com

প্রশ্ন ৪ : একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপক/হিসাব রক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন পত্র রচনা কর।

তারিখ : ১৮/০৬/২৬ খ্রি.
ব্যবস্থাপনা পরিচালক
অনলাইন রিডিং রুম পাবলিকেশন্স
১৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।

বিষয় : ব্যবস্থাপক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।

জনাব,
বিনীত নিবেদন এই যে, গত ১০ই মার্চ ২০২৫ তারিখের দৈনিক যুগের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে লোক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

নাম : আইমান তাকী
পিতা : রশিদুজ্জামান
মাতা : রিমি জামান
বর্তমান ঠিকানা : বাড়ি # ৫২, রোড # ৭১, ডাকঘর - ক, থানা - খ, জেলা - গ।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ৫২, রোড # ৭১, ডাকঘর - ক, থানা - খ, জেলা - গ।
জন্ম তারিখ : ১০/০৯/২০০৪
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি | ২০১৯ | জিপিএ ৫ | ঢাকা |
| এইচ.এস.সি | ২০২১ | জিপিএ ৫ | ঢাকা |
| বিবিএস (অনার্স) | ২০২৫ | সিজিপিএ ৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম. কম. | ২০২৬ | সিজিপিএ ৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : আর এফ এল লি. ঢাকা, বাংলাদেশ-এ এক বছর যাবৎ কর্মরত আছি।

অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে ব্যবস্থাপক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
আইমান তাকী
সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফ্ট।

ডাক টিকেট

প্রেরক
আইমান তাকী
বাড়ি # ৫২, রোড # ৭১
ডাকঘর: ক, থানা : খ, জেলা : গ।

প্রাপক
e¨e¯'vcbv cwiPvjK
অনলাইন রিডিংরুম পাবলিকেশন্স
১৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।

প্রশ্ন ৫ : একটি বে-সরকারি কলেজে প্রভাষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা কর।

তারিখ : ২১/০৬/২৬খ্রি.
অধ্যক্ষ
উত্তর বাংলা কলেজ
ডাকঘর : ক
উপজেলা : খ
জেলা : গ।

বিষয় : প্রভাষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, দৈনিক উত্তরের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে বাংলা বিষয়ে প্রভাষক পদে লোক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

নাম : জারিফ আহমেদ
পিতা : শোয়েব আহমেদ
মাতা : শাহানা বেগম
বর্তমান ঠিকানা : বাড়ি # ৬৯, মিরপুর-৭, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ৬৯, মিরপুর-৭, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০৩
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৯ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০২১ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. অনার্স (বাংলা) | ২০২৫ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. (বাংলা) | ২০২৬ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : মুক্তিযোদ্ধা মেজর শামসুল আলম স্কুল ও কলেজ, মোহাম্মাদ পুর, ঢাকায় প্রভাষক পদে গত এক বছর যাবৎ কর্মরত আছি।

অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে প্রভাষক (বাংলা) পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
জারিফ আহমেদ
সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট্।

ডাক টিকেট

| প্রেরক | প্রাপক |
|---|---|
| জারিফ আহমেদ | অধ্যক্ষ |
| বাড়ি # ৬৯, মিরপুর-৭ | উত্তর বাংলা কলেজ |
| ডাকঘর : মিরপুর | ডাকঘর : ক |
| থানা : মিরপুর | উপজেলা : খ |
| জেলা : ঢাকা। | জেলা : গ। |

কাঠামো ঠিক রেখে নিচের আবেদনপত্রগুলো লেখা যেতে পারে।

(ক) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারী/স্টোরকিপার পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা কর। (দিবো ২০১৩)
(খ) একটি বে-সরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন পত্র রচনা কর। (ববো-১৪)
অথবা, কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকপদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা কর। (রাবো-০৭, কুবো-১৭, চবো-৫, সিবো-১৭, ০৬, ববো-১৭)
অথবা, কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী শিক্ষক পদে নিযুক্তি লাভের জন্য দরখাস্ত লেখ। (ঢাবো-০৭, রাবো-১৪, ০২, কুবো-০৫, ববো-১৫)
অথবা, কোনো মাধ্যমিক স্কুরে সহকারী শিক্ষক পদের জন্য একজন প্রার্থী হিসেবে আবেদন জানিয়ে একটি দরখাস্ত লেখ। (যবো-০৮, দিবো-১৯, ০৯, সিবো-১৯)
অথবা, কোনো (সরকারি/বেসরকারি) মাধ্যমিক অথবা প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।
(চবো ২০১৩, সিবো ২০১৬, রাবো-২০১৬, সিবো-১৭, ববো-১৭, কুবো-১৭, সিবো-১৯, দিবো-১৯)

যে কোনো বিষয়ে MCQ MODEL TEST দিতে visit কর www.onlinereadingroombd.com

প্রশ্ন ৬ : শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

তারিখ : ২১/৬/২৬ খ্রি.
অধ্যক্ষ
'ক' সরকারি কলেজ
ডাকঘর : ক
উপজেলা : খ
জেলা : গ।

বিষয় : আর্থিক অনুদান ও শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমরা দ্বাদশ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীরা আগামী ৩০/৬/২০২৬ তারিখে দিনাজপুরস্থ সিংড়া ফরেস্ট, কান্তজির মন্দির এবং বড় পুকুরিয়া কয়লা খনি পরিদর্শনে যেতে চাই। সিংড়া ফরেস্ট পরিদর্শনের মাধ্যমে আমরা বিচিত্র প্রজাতির বৃক্ষ ও লতাপতার সাথে পরিচিত হতে পারব। আবার বাঙালির ইতিহাস ঐতিহ্য ও পুরাকীর্তির সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারব কান্তজির মন্দির পরিদর্শনের মাধ্যমে। অন্যদিকে কয়লা খনি পরিদর্শন আমাদের মধ্যে এনে দিবে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় কয়লা উত্তোলন, প্রক্রিয়াজাতকরণ এবং বহুমুখী ব্যবহার সম্পর্কে প্রত্যক্ষ ধারণা, যা আমাদের জ্ঞান ভাণ্ডারকে ব্যাপকভাবে সমৃদ্ধ করবে। তাছাড়া মহোদয় অবশ্যই অবগত আছেন যে, প্রত্যক্ষ অভিজ্ঞতা আমাদের পাঠলব্ধ জ্ঞানকে আরো পরিপুষ্ট করবে।

মহোদয়ের সদয় বিবেচনার জন্য আরো জানাচ্ছি যে, আমাদের শিক্ষা সফর দলে মোট দুই শত জন ছাত্র-ছাত্রী থাকবে। এই সফরে যে অর্থ ব্যয় হবে তার অর্ধেক আমরা নিজেরাই বহন করব এবং বাকী অর্ধেক প্রথা অনুযায়ী প্রতিষ্ঠানের তহবিল থেকে দেয়ার অনুরোধ জানাচ্ছি। আপনার অনুমোদন পেলে তত্ত্বাবধায়ক শিক্ষক হিসেবে আমাদের সফরসঙ্গী হবার জন্য সদয় সম্মতি দিয়েছেন বাংলা, ইতিহাস, পদার্থ বিজ্ঞান ও উদ্ভিদ বিজ্ঞানের চারজন শিক্ষক।

অতএব, আপনার নিকট প্রার্থনা, উল্লিখিত বিষয় বিবেচনা করে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দিয়ে শিক্ষা সফরের অনুমতি দিলে আপনার নিকট চিরকৃতজ্ঞ থাকব।

বিনীত
দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পক্ষে
আইমান তাকী
'ক' সরকারি কলেজ
ডাকঘর : ক
উপজেলা : খ, জেলা : গ।

| প্রেরক | বরাবর |
|---|---|
| আইমান তাকী | অধ্যক্ষ |
| দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের পক্ষে | 'ক' সরকারি কলেজ |
| 'ক' সরকারি কলেজ | ডাকঘর : ক |
| ডাকঘর : ক | উপজেলা : খ |
| উপজেলা : খ | জেলা : গ। |
| জেলা : গ। | |

## পত্রিকায় প্রকাশের পত্র

**প্র**শ্ন ৭: তোমার এলাকায় মাত্রাতিরিক্ত লোডশেডিংয়ের প্রতিকার চেয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে দৈনিক পত্রিকার চিঠিপত্র কলামে প্রকাশের জন্য সংবাদপত্রের সম্পাদক বরাবর একটি পত্র রচনা কর।

তারিখ : ২১/০৬/২৬ খ্রি.
বরাবর
সম্পাদক
আমার দেশ
৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কারওয়ান বাজার
ঢাকা।

বিষয় : চিঠিপত্র কলামে পত্র প্রকাশ প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আপনার বহুল প্রচারিত দৈনিক 'আমার দেশ' পত্রিকার চিঠিপত্র কলামে নিম্নলিখিত পত্রটি প্রকাশ করলে এলাকাবাসীর পক্ষে আমি আপনার নিকট চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মনন রহমান
কেরানিগঞ্জ
ঢাকা।

<u>লোড শেডিংয়ের দ্রুত প্রতিকার চাই</u>

ঢাকা জেলার অন্তর্গত কেরানিগঞ্জ একটি উল্লেখযোগ্য শিল্পসমৃদ্ধ এলাকা। এখানে প্রায় পাঁচ হাজার ছোট বড় কলকারখানা রয়েছে। তাই এই এলাকাতে প্রতিনিয়ত বিদ্যুতের প্রয়োজন। অথচ বিগত একমাস যাবৎ এখানে প্রতিদিন ৭/৮ ঘণ্টা লোডশেডিং চলছে। এর ফলে উৎপাদন ব্যবস্থায় প্রচণ্ড বিঘ্নের সৃষ্টি হচ্ছে। কলকারখানাগুলোতে পূর্বের তুলনায় ব্যাপকহারে উৎপাদন হ্রাস পেয়েছে। এ অবস্থা চলতে থাকলে উৎপাদন বন্ধ করে দেয়া ছাড়া উপায় থাকবে না।
লোডশেডিংয়ের কারণে শুধু ব্যবসায়ীরা নয়, ক্ষতিগ্রস্ত হচ্ছে ছাত্র-ছাত্রীদের লেখাপড়াও। এই ক্ষতির সবচেয়ে বেশি শিকার চলমান এইচ. এস. সি. পরীক্ষার্থীরা। বিদ্যুতের আলোতে লেখাপড়া করে অভ্যস্ত ছাত্র-ছাত্রীরা ঘন ঘন বিদ্যুৎ যাওয়ার কারণে বিকল্প আলোতে পড়াশুনা করতে পারছে না। তাছাড়া প্রচণ্ড গরমেও তাদের জীবন অতিষ্ঠ।
অন্যদিকে, লোডশেডিংয়ের কারণে এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতিরও চরম অবনতি ঘটেছে। প্রতিদিনই চুরি, ছিনতাই, রাহাজানির ঘটনা কোথাও না কোথাও ঘটছেই এবং দিন দিন তা বেড়েই চলছে।
এমতাবস্থায়, জাতীয় উৎপাদনের স্বার্থে এবং জনগণের সুস্থ-স্বাভাবিক জীবনযাপনকল্পে শীঘ্রই আমাদের এলাকায় স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মনন রহমান
কেরানিগঞ্জ
ঢাকা।

| প্রেরক | প্রাপক | ডাক টিকিট |
|---|---|---|
| মনন রহমান<br>কেরানিগঞ্জ<br>ঢাকা। | সম্পাদক<br>আমার দেশ<br>৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ<br>কাওরান বাজার<br>ঢাকা। | |

যে কোনো বিষয়ে MCQ MODEL TEST দিতে visit কর www.onlinereadingroombd.com

## আমন্ত্রণ পত্র

**প্রশ্ন ১ : রবীন্দ্র জয়ন্তী উদযাপন উপলক্ষে তোমার কলেজের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে একটি আমন্ত্রণপত্র রচনা কর।**

সুধী,
আগামী ২৫শে বৈশাখ, ১৪৩৩ বৃহস্পতি বার বাঙালির আধুনিক সংস্কৃতির রূপকার, নোবেল বিজয়ী বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী। এই উপলক্ষে 'ক' সরকারি কলেজ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। উল্লিখিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেব উপস্থিত থাকবেন প্রখ্যাত রবীন্দ্র গবেষক ড. সলিমুল্লাহ খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন 'ক' সরকারি কলেজের অধ্যক্ষ ড. আবদুর রাজ্জাক।
উল্লিখিত অনুষ্ঠানে আপনার/আপনাদের উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

তারিখ : 'ক' সরকারি কলেজ

বিনীত
প্রমিত রহমান
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
'ক' সরকারি কলেজ
ডাকঘর : খ
উপজেলা : গ
জেলা : ঘ।

**অনুষ্ঠান সূচি :**

| | | |
|---|---|---|
| **তারিখ** | : | ২৫শে বৈশাখ, ১৪৩৩<br>**৭ই মে, ২০২৬** |
| অতিথিদের আসন গ্রহণ | : | সকাল ১০.১৫ মিনিট |
| কোরআন তিলওয়াত | : | সকাল ১০.২০ মিনিট |
| আলোচনা সভা | : | সকাল ১০.৩০ মিনিট |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | : | দুপুর ১২.৩০ মিনিট। |

| প্রেরক | প্রাপক |
|---|---|
| প্রমিত রহমান | জনাব জাকির আহমদ |
| সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | সভাপতি |
| 'ক' সরকারি কলেজ | প্রগতি সাংস্কৃতিক সংঘ |
| ডাকঘর : খ | ডাকঘর : খ |
| উপজেলা : গ | উপজেলা : গ |
| জেলা : ঘ। | জেলা : ঘ। |

প্রশ্ন ২ : নজরুল জয়ন্তী উদযাপন উপলক্ষে তোমার কলেজের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে একটি আমন্ত্রণপত্র রচনা কর।

সুধী,
আগামী ১১ই জ্যৈষ্ঠ, ১৪৩৩ সোমবার বাঙালির জাতীয় জাগরণের অগ্রনায়ক, অসম্প্রদায়িক মানবতাবাদী কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী। এই উপলক্ষে 'ক' ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। উল্লিখিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রখ্যাত সাহিত্য সমালোচক এবং বাংলা একাডেমির মহাপরিচাক প্রফেসর ড. মোহাম্মদ আজম। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন 'ক' ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের অধ্যক্ষ কর্নেল আহসানুল কবির।
উল্লিখিত অনুষ্ঠানে আপনার/আপনাদের উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

তারিখ : 'ক' ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ
১লা জ্যৈষ্ঠ, ১৪৩৩

বিনীত
জারিফ আহমেদ
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
'ক' ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ
ডাকঘর : খ
উপজেলা : গ
জেলা : ঘ।

অনুষ্ঠান সূচি :

| | | |
|---|---|---|
| তারিখ | : | ১১ই জ্যৈষ্ঠ, ১৪২৭<br>২৫শে মে, ২০২০ |
| অতিথিদের আসন গ্রহণ | : | সকাল ১০.১৫ মিনিট |
| কোরআন তিলওয়াত | : | সকাল ১০.২০ মিনিট |
| আলোচনা সভা | : | সকাল ১০.৩০ মিনিট |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | : | দুপুর ১২.৩০ মিনিট। |

| প্রেরক | প্রাপক |
|---|---|
| জারিফ আহমেদ | জনাব মজনু রহমান |
| সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | সভাপতি |
| 'ক' সরকারি কলেজ | বিভাগীয় লেখক পরিষদ |
| ডাকঘর : খ | ডাকঘর : খ |
| উপজেলা : গ | উপজেলা : গ |
| জেলা : ঘ। | জেলা : ঘ। |

## ব্যক্তিগত পত্র

প্রশ্ন ১ : সম্প্রতি পড়া কোনো বই সম্পর্কে মতামত জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

দারুস সালাম, ঢাকা

তারিখ : ২১ জুন, ২০২৬

প্রিয় অনিক,

আশা করি ভালো আছো। আমরাও ভালো আছি। একটি বিষয়ে প্রবল আবেগ সামলাতে না পেরে তোমাকে এই পত্র লিখছি। আবেগের কারণ হলো সেলিনা হোসেনের মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড'। গত ২৬শে মে এই বইটি পড়ে শেষ করেছি। এটি একটি অসাধারণ গ্রন্থ। মুক্তিযুদ্ধের উপর আমি যত বই পড়েছি এটি আমার সবচেয়ে ভালো লেগেছে। কারণ, এর বক্তব্য অসাধারণ।

আমাদের মুক্তিযুদ্ধই এই উপন্যাসের মৌল বিষয়। তবে সমগ্র জীবন থেকে মুক্তিযুদ্ধকে বিচ্ছিন্ন করে নিয়ে শুধু রাজনৈতিক ঘটনাপুঞ্জ এবং যুদ্ধের ইতিবৃত্ত নির্মাণই এই উপন্যাসের বিষয় নয়। হলদী গ্রাম নামক একটি গ্রামের সংগ্রাম ও প্রতিরোধের মধ্য দিয়ে সমগ্র বাংলাদেশের সংগ্রামকে এখানে মূর্ত করে তোলা হয়েছে। আবার একজন মায়ের ত্যাগের মধ্য দিয়ে সমগ্র বাঙালি জাতির ত্যাগ ও সংগ্রামকে এখানে তুলে ধরা হয়েছে। এই উপন্যাসে পাক বাহিনীর অত্যাচারের পাশাপাশি বাঙালির বীরত্বকেও বড় করে দেখানো হয়েছে। এই উপন্যাসের প্রধান চরিত্র বুড়ি। মুক্তিযুদ্ধে বাঙালির আবেগ, স্বপ্ন, সংগ্রাম, সাহস, বীরত্ব আর ত্যাগের মহিমা বুড়ি চরিত্রের মধ্য দিয়ে রূপলাভ করেছে। আর এ কারণেই উপন্যাসটি আমার ভালো লেগেছে। তুমি সময় পেলে বইটি পড়ে নিও। আমার বিশ্বাস তুমি বইটি পড়ে অপার আনন্দ পাবে। আজ আর নয়। তোমার পত্রের অপেক্ষায় থাকবো।

ইতি

তোমারই

মনন

| | | |
|---|---|---|
| | | ডাক টিকিট |
| প্রেরক<br>মনন<br>বাড়ী # ৬৯, দারুস সালাম<br>ডাকঘর : মিরপুর, থানা:মিরপুর, জেলা: ঢাকা। | প্রাপক<br>অনিক<br>বাসা নং ১, রোড নং ২<br>উপশহর, রাজশাহী। | |

*এইচএসসি সকল বিষয়ের তথ্য পাওয়া যাবে মুসা স্যারের নিচের আইডিতে*

Face book ID :ড. এ. আই. এম. মুসা

Face book page : ***onlinereadingroombd.com** এবং **Musa sir Bangla***

**এবং পত্র লিখন বিষয়ে বিস্তারিত জানতে Visit কর মুসা স্যারের Youtube চ্যানেল**

Online Reading Room

যে কোনো বিষয়ে **MCQ MODEL TEST** দিতে **visit কর www.onlinereadingroombd.com**